SET-4

Series SSO

Code No. 5

Candidates must write the Code on the title page of the answer-book.

Roll No. | | | | | | | |

- Please check that this question paper contains **8** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it**.
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer script during this period.

বাংলা

BENGALI

সময় : 3 ঘন্টা *সর্বমোট অঙ্ক : 100*

Time allowed : 3 hours *Maximum Marks : 100*

SECTION A (Reading)

1. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির জবাব দাও : *1+1+1+1+1=5*

ভীষণ মনোযোগে জমিদারির পুরোণো কাগজপত্র দেখছিলেন তিনি । এখন তিনি জমিদারির বিরাহিমপুর পরগনার সদর কাছারি শিলাইদহে । কুঠিবাড়ির তিনতলাটি তাঁর লেখার ঘর — খুব প্রিয় জায়গা । এ ঘরের জানালা দিয়ে তাকালে তাঁর সামনে সেই পৃথিবীর ছবিটিই ফুট ওঠে, যেটি তিনি আর অন্য

কোনো দেশে দেখতে পান নি । অনেক দেশের অনেক সুন্দর প্রাকৃতিক দৃশ্য দেখেছেন, কিন্তু এত কাছের, এত ওমভরা, এত প্রাণমাতানো এবং এত আপন করা ছবি আর তাঁর জীবনের সঞ্চয়ে একটিও নেই । এই ছবির সঙ্গে যুক্ত আছে একটি আশ্চর্য মায়াবী নদী । এ নদীর দিকে তাকালে তাঁর শরীরে ষষ্ঠ ইন্দ্রিয়ের অলৌকিক স্পর্শ তাঁকে অভিভূত করে । তিনি মনে করেণ, ত্রিশ বছর বয়সে দেখা এই নদীর অপরূপ সৌন্দর্য তাঁর জীবনের স্থায়ী সৌন্দর্য হবে বুঝি । তাঁর সামনে থেকে প্রকৃতি এবং মানবজীবনের দূরত্ব মুছে যায় নদীর দিকে তাকিয়ে থাকার আনন্দে — প্রয়োজনীয় কাগজপত্রগুলো দিয়ে তিনি পড়ার ঘরটি ভরে ফেলেন নি । কারণ জীবিকার প্রয়োজনের সঙ্গে সৃষ্টির আনন্দ এক করে ফেলা এক বিড়ম্বনা । জীবিকায় সাধনা নেই, কিন্তু সৃষ্টিতে সাধনা আছে ।

(a) ভীষণ মনোযোগে কী করছিলেন তিনি ?

(b) ঘরের জানলা দিয়ে তাকালে তাঁর সামনে কোন্ পৃথিবীর ছবি ভেসে ওঠে ?

(c) এই ছবির সঙ্গে কী যুক্ত আছে ?

(d) প্রয়োজনীয় কাগজপত্র দিয়ে কোন্ ঘরটি ভরে তোলেননি তিনি ?

(e) 'তাঁর সামনে থেকে প্রকৃতি এবং মানবজীবনের দূরত্ব মুছে যায়' — বাক্যটির সাধু রূপ কী হবে ?

2. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : *1+1+1+1+1=5*

তুনকার মা গরীব । গাঁয়ের বাইরে প্রকান্ড একটা জঙ্গলের ধারে তার ছোট কুঁড়েঘর । মাটির দেওয়াল, খড়ের ছাউনী । তুনকার বয়স বছর কুড়ি । গ্রামে গিয়ে জনমজুরের কাজ করে । তুনকার মা জঙ্গলে থেকে কাঠকুটো কুড়িয়ে আনে । তাই দিয়ে সে রান্না করে । জঙ্গলে প্রকান্ড প্রকান্ড গাছ । কোন একজন রাজার সম্পত্তি নাকি । জঙ্গলের ভিতরটা অন্ধকার । সেখানে ঢুকতে সাহস হয় না ।

যেদিনের কথা বলছি সেদিন খুব ঝোড়ো হাওয়া বইছে । গ্রীষ্মকালের দুপুরবেলা চারদিকে আগুনের হলকা ছড়িয়ে হু হু করে ছুটে চলেছে এলোমেলো ঝোড়ো হাওয়া । জঙ্গলের প্রকান্ড প্রকান্ড গাছগুলো ঝড়ের দাপাট এঁকেবেঁকে আর্তনাদ করছে যেন । মনে হচ্ছে একটা অদৃশ্য দৈত্য দাপাদাপি করে বেড়াচ্ছে চতুর্দিকে ।

তুনকার মা উনুনে আগুণ দেয় নি ঝড়ের ভয়ে । ভাবছিল রাতের জল-দেওয়া পান্তাভাত আছে, ক্ষিধে পেলে তাই খাবে । ঘরের জানালা কপাট বন্ধ করে বসেছিল তুনকার মা । বাইরে সোঁ সোঁ ভীষণ শব্দ, জঙ্গল একেবারে তোলপাড় । তুনকা এখন কোথায় ? কখন ফিরবে সে ? এই ঝড়ে জনমজুরের কাজ পেয়েছে কি ? এই রকম নানা চিন্তায় ব্যাকুল হয়ে উঠেছিল তার মন ।

(a) তুনকারা কোথায় থাকত ?

(b) জঙ্গলের ভেতরটা কেমন ছিল ?

(c) তুনকার মা কেন সেদিন উনুনে আগুন দেয়নি ?

(d) ঝড়ের সময়ে তুনকার মা কী ভাবছিল ?

(e) 'চতুর্দিক' শব্দটির সন্ধিবিচ্ছেদ কর ।

SECTION B (Grammar)

3. ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত রীতিগুলির মধ্যে যে কোন ***একটির*** দু'টি উদাহরণ-সহ সংজ্ঞা লেখ : *(2+3)×1=5*

(a) স্বরসঙ্গতি

(b) অপিনিহিতি

(c) অভিশ্রুতি

4. যে কোন ***একটি*** অলঙ্কারের উদাহরণ-সহ সংজ্ঞা লেখ : *5*

(a) উপমা

(b) শ্লেষ

(c) অনুপ্রাস

অথবা

অলঙ্কার নির্ণয় কর এবং সেই অলঙ্কারটির সংজ্ঞা লেখ : (***একটি***)

(a) ঈশ্বরীরে জিজ্ঞাসিলা ঈশ্বরী পাটনী

(b) কাজলের মত কালো কুন্তল পড়িছে ঝরে

(c) ঐ সিন্ধুর টিপ সিংহল দ্বীপ কাঞ্চনময় দেশ

(d) মধুহীন কোরনাগো তব মনঃ কোকনদে

5. যে কোন ***চারটি*** বাগ্‌ধারা/প্রবাদের অর্থ লেখ এবং একটি করে বাক্য রচনা কর : *(1+1)×4=8*

গাছে কাঁঠাল, গোঁফে তেল, জলে কুমির ডাঙায় বাঘ, পেটে খেলে পিঠে সয়, গেঁয়ো যোগী ভিখপায় না, একাই একশো, ইন্দ্রপতন হওয়া, হাটে হাঁড়ি ভাঙা, চোখে চোখে রাখা, ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া ।

SECTION C (Composition & Writing)

6. নিচের যে কোন ***একটি*** বিষয় অবলম্বনে 100 শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ রচনা কর : *5*

(a) শিশুশ্রমিক

(b) সামুদ্রিক ঝড় ‘হুদহুদ’

(c) তোমার স্কুলের শেষ দিনটি

7. নিচের প্রতিবেদনটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও : *2×3=6*

পূজোর ছুটি উপলক্ষে বেড়াতে বেরিয়েছিলেন কলকাতার একটি দল । দলের জনসংখ্যা পঁয়ত্রিশ । প্রৌঢ়-প্রৌঢ়া, যুবক-যুবতী, কিশোর-কিশোরী এবং শিশু সকলে মিলেই দলটি । দলের লক্ষ্য দিল্লী-আগ্রা-দেরাদুন ভ্রমণ । দিল্লী আগ্রা ভ্রমণ-শেষ করে দলটি দেরাদুন গেছে । দেরাদুন থেকে ফিরবার সময় ঐ দলটি দু'ভাগে ভাগ হয়ে যায় । একদলে প্রৌঢ়-প্রৌঢ়া, কিছুসংখ্যক যুবক যুবতী এবং শিশুরা । অন্যদলে কিছু যুবক এবং কিশোর কিশোরীরা । প্রথম দলটি একটি বড় বাসে এবং দ্বিতীয় দলটি একটি মিনিবাসে করে আসছিল । মিনিবাসের চালক হঠাৎ প্রচন্ড গতিতে বাস চালাতে শুরু করে । ফলে প্রথম দলটি অনেক পিছিয়ে পড়ে । মিনিবাসে একটি যুবক একবার উঠে গিয়ে ড্রাইভারকে একটু আস্তে চালাতে অনুরোধ করে । ড্রাইভার খুব রাগতভাবে যুবকটিকে নিজের জায়গায় চুপ করে বসে থাকার নির্দেশ দেয় । সন্ধ্যার একটু আগে মিনিবাসটি পাহাড়ী আঁকাবাঁকা রাস্তায় উল্টে যায় । বাসের দরজা ধাক্কার চোটে খুলে গেলে কিছু যাত্রী জিনিসপত্রসহ বাইরে ছিটকে পড়ে । পাঁচজন হত হয়, বাকিরা সকলেই গুরুতরভাবে আহত হয় । এই সর্বনাশী পরিণতির দায় কার ?

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও ।

(b) দুই বা তিন লাইনের মধ্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর ।

(c) কোন্‌খান থেকে ফেরার পথে দুর্ঘটনাটি ঘটেছিল ?

8. তোমার স্কুলের প্রতিবন্ধী ছাত্ররা যাতে তাদের জন্য আয়োজিত একটি সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারে তার পরিকল্পনা জানিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখ । *6*

অথবা

তোমার ভবিষ্যৎ পরিকল্পনা জানিয়ে মাকে একটি চিঠি লেখ ।

SECTION D (Literature)

9. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : (*একটি*) *5*

"থামো ! থামো মার্জারপন্ডিতে ! তোমার কথাগুলি ভারি সোশিয়লিস্টিক ! সমাজবিশৃঙ্খলার মূল !"

অথবা

আমাদের উৎসবে এই অন্তরেরই প্রথম প্রতিষ্ঠা ।

10. পন্ডিত বসিলেন পাখিকে বিদ্যা শিখাইতে । নস্য লইয়া বলিলেন, "অল্প পুঁথির কর্ম নয় ।"

(a) কার লেখা, কোন্ রচনার অন্তর্গত ?

(b) কোন্ পাখির কথা বলা হয়েছে ?

(c) পন্ডিত পাখিকে কীভাবে বিদ্যাদান করেছিলেন ?

(d) 'অল্পপুথির কর্ম নয়' — কথাটির তাৎপর্য সংক্ষেপে লেখ । *2+2+2+3=9*

অথবা

সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধনবৃদ্ধি । ধনীর ধনবৃদ্ধি না হইলে দরিদ্রের কী ক্ষতি ?

(a) কার লেখা, কোন্ রচনার অন্তর্গত ?

(b) কে এই উক্তিটি করেছে ?

(c) কথাটির উত্তরে কী বলা হয়েছে ?

(d) সমাজের ধনবৃদ্ধি... এই অংশে বক্তার উক্তির তাৎপর্য সংক্ষেপে বুঝিয়ে লেখ ।

11. '..রাজু কবি বটে দার্শনিক-ও বটে ।'

(a) কে, কখন বলেছেন ?

(b) তাঁর এই উক্তির কারণ কী ? *2+4=6*

অথবা

মন্ত্রপাঠের ব্রাহ্মণ হইতে শুরু করিয়া কামার, কুমোর, ধোপা, নাপিত, হাঁড়ি, ডোম পর্যন্ত সকলেরই নিজ নিজ মর্যাদা অনুসারে উৎসবাঙ্গে স্থান নির্দিষ্ট ছিল — কাহাকেও বাদ দিলে চলিত না ।

(a) কে, কখন বলেছেন ?

(b) তাঁর এই উক্তির কারণ কী ?

12. সপ্রসঙ্গ ব্যাখ্যা কর :

নীর-বিন্দু দূর্বাদলে, নিত্য কিরে ঝলমলে ?

কে না জানে অম্বুবিম্ব অম্বুমুখে সদ্যঃপাতি ? *5*

অথবা

জানি তার পণ্যবাহী সেনা

জ্যোতিষ্কলোকের পথে রেখামাত্র চিহ্ন রাখিবে না ।

13. এ বয়স জানে রক্তদানের পুণ্য

বাষ্পের বেগে ষ্টিমারের মতো চলে, ...

(a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত ?

(b) কীসের বেগের কথা বলা হয়েছে ?

(c) কবির এরকম মন্তব্যের কারণ কী ? *1+2+3=6*

অথবা

'কিন্তু যত পাচ্ছে, প্রতিদিন/জমছে তত ঋণ...'

(a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত ?

(b) কার পাওয়ার কথা বলা হয়েছে ?

(c) উদ্ধৃত অংশটির তাৎপর্য সংক্ষেপে বুঝিয়ে লেখ ।

14. ‘ওরা কাজ করে’ কবিতাটির বক্তব্য অত্যন্ত সংক্ষেপে লেখ । *4*

অথবা

‘আত্মবিলাপ’ কবিতাটিকে মধুসূদনের ব্যক্তিগত জীবনের প্রতিধ্বনি বলা যায় কী ? খুব সংক্ষেপে তোমার মত লেখ ।

15. “মড়ার কি জাত থাকে রে ?” —

(a) কে, কাকে একথা বলেছে ?

(b) কোন্ প্রসঙ্গে বক্তা এই উক্তি করেছে ?

(c) বক্তার চরিত্রের কোন দিকটি এতে প্রকাশ পেয়েছে ? *2+3+5=10*

অথবা

‘তিনি দাঁত খিঁচাইয়া বলিলেন, আবার শ্রী-কান্ত ! নে, তামাক সাজ ।’

(a) কোন্ লেখকের কোন্ রচনার অন্তর্গত ?

(b) কোন প্রসঙ্গে উক্তিটি করা হয়েছে ?

(c) বক্তার চরিত্রের কোন দিকটি এতে প্রকাশ পেয়েছে ?

16. টীকা লেখ : (*দু’টি*) *5×2=10*

(a) বঙ্কু

(b) নিরুদিদি

(c) শাহ্‌জী

(d) ইন্দ্রনাথ

(e) মেজদা